মুজিবনগরে বিজিবির অভিযানে আগ্নেয়াস্ত্র ও গুলিসহ আটক ১

মুজিবনগরের সীমান্তবর্তি সোনাপুর গ্রাম থেকে একটি বিদেশী পিস্তুল ও ২ রাউন্ড গুলি ও এক বোতল বিদেশী মদসহ আশরাফুল ইসলাম
(৪০) নামে একজনকে আটক করেছে চুয়াডাঙ্গা ৬ বর্ডারগার্ড (বিজিবি) এর নাজিরাকোনা বিওপি ক্যাম্প।

আটক আশরাফুল ইসলাম মুজিবনগর উপজেলার সোনাপুর গ্রামের মৃত হযরত আলীর ছেলে।

আজ বৃহস্পতিবার (২৭ জুন) বিকাল সাড়ে তিনটার সময় আন্তর্জাতিক সীমান্ত পিলার ১০৭ এর নিকট বাংলাদেশের ৫০০ গজ অভ্যন্তর থেকে এই আগ্নেয়াস্ত্র ও গুলিসহ আটক করেন তাকে বিজিবি সদস্যরা।

সোনাপুর ক্যাম্পের জুনিয়র কর্মকর্তা নায়েক সুবেদার জাকির হোসেন জানান, আন্তর্জাতিক সীমান্ত পিলার ১০৭ এর নিকট বাংলাদেশ অভ্যন্তরে আগ্নেয়াস্ত্রসহ একজন অবস্থান করছেন এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালানো হয়। বিজিবির উপস্থিতি টের পেয়ে আশরাফুল ইসলাম পালানোর চেষ্টা কালে তাকে আটক করেন বিজিবি সদস্যরা। এসময় তার কাছ থেকে একটি পিস্তল, ২ রাউন্ড গুলি, এক বোতল বিদেশী মদ, একটি মোবাইল ফোন উদ্ধার করা হয়েছে। পরে অস্ত্র আইনে মামলা দিয়ে মুজিবনগর থানা পুলিশের হস্তান্তর করা হয়েছে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উজ্জ্বল দত্ত জানান, আগ্নেয়াস্ত্র ও গুলিসহ আশরাফুল ইসলামকে বিজিবির পক্ষ থেকে থানায় সোপর্দ করেছে। এ ঘটনায় আগেন্য়াস্ত্র আইনে বিজিবির পক্ষ থেকে মুজিবনগর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। আশরাফুল ইসলামকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণের প্রস্তুতি চলছে।

হোটেল আটলান্টিকা কাণ্ডের চাঁদাবাজি মামলার চার্জ গঠন

মেহেরপুরের বহুল আলোচিত হোটেল আটলান্টিকা কাণ্ডের চাঁদাবাজি মামলায় চার্জ গঠন করেছেন আদালত।
সাংবাদিক মোস্তাফিজুর রহমান ওরফে তুহিন অরণ্য, আবু আক্তার করণসহ পুলিশের দেওয়া চার্জশিটের ১৭ আসামির বিরুদ্ধেই আদালত চার্জ গঠনের নির্দেশ দিয়েছেন।

বুধবার মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের বিচারক সিনিয়র জেলা ও দায়রা জজ মোঃ মনজুরুল ইমাম এই আদেশ দেন। আলোচিত ও সমালোচিত হোটেল আটলান্টিকা কাণ্ডে অপরাধের গুরুত্ব বিবেচনায় নিয়ে পুলিশের পক্ষ থেকে পর্ণগ্রাফি ও চাঁদাবাজির দুইটি পৃথক মামলা দায়ের করা হয়েছিল। চাঁদাবাজি মামলা (মামলা নম্বর ৪০৪/২৩) এর চার্জ গঠন করল আদালত। একই সাথে আদালত আগামী ২৭ জুলাই ২০২৪ তারিখে সাক্ষগ্রহণের দিন নির্ধারণ করেছেন।

এদিন মামলার চার্জশিটভুক্ত আসামি সাংবাদিক ও আইনজীবি তুহিন অরণ্য, সাংবাদিক আবু আক্তার করনসহ আরো কয়েকজন তাদের আইনজীবির মাধ্যমে মামলার অভিযোগ থেকে অব্যাহতির আবেদন করেন। তবে বিচারক আসামিদের আবেদন আমলে না নিয়ে চার্জশিটভুক্ত সকল আসামির বিরুদ্ধে চার্জ গঠনের নির্দেশ দেন।
চার্জ গঠনের শুনানিতে আসামি পক্ষের আইনজীবি হিসেবে আদালতে উপস্থিত ছিলেন অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, অ্যাডভোকেট মিয়াজান আলী, অ্যাডভোকেট ইয়ারুল ইসলামসহ তাদের জুনিয়ররা।

অপরদিকে রাষ্ট্রপক্ষের আইনজীবি ছিলেন জেলা জজ আদালতের পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য। ইতোপূর্বে নাজনিন খান প্রিয়া ও ছন্দা খাতুনের ১৬৪ ধারার জবানবন্দিতে মোট ৩৫ জন আসামি সনাক্ত করা হয়েছিল। পরবর্তীতে মামলার তদন্ত কর্মকর্তা তদন্তে ১৮ জনের বিপক্ষে কোন সাক্ষ্য প্রমাণ না পাওয়ায় তাদেরকে অভিযোগ থেকে অব্যাহতি দিয়ে বাকি ১৭ জন আসামীর নামে আদালতে চার্জশিট দাখিল করলে আদালত সেটা গ্রহণ করে।

চাঁদাবাজি ও পর্ণগ্রাফি মামলার আসামি হিসেবে যাদের পুলিশ চার্জভুক্ত করেছিল তারা হলেন মোছাঃ নাজনিন খান প্রিয়া, মোছাঃ

ছন্দা খাতুন, মোঃ মামুন জোয়ার্দ্দার, মোঃ মতিয়ার রহমান, মোঃ আব্দুস সালাম, মোঃ হাসিবুল হক জয়, মোঃ মিজানুর রহমান জনি (মামলা চলমান অবস্থায় মৃত্যুবরণ করেছেন), নেহাল আল মুকিত, মোঃ শাহাজাহান আলী, মোঃ মোস্তাফিজুর রহমান তুহিন অরন্য, আবু আক্তার করন, মোছাঃ রেক্সোনা আরা, নিলুফার ইয়াসমিন রুপা, নুসরাত, বর্ষা, সুমন রহমান বিমান ও বিপাসা।

গাংনীতে সোঁয়া ৭ কেজি গাঁজাসহ দুই মাদক কারবারী আটক

মাদক বিরোধী পৃথক দুটি অভিযান চালিয়ে সোঁয়া সাত কেজি গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

আটকরা হলেন, গাংনী উপজেলার রাধাগোবিন্দপুর ধলা গ্রামের বাবর আলীর ছেলে সবুজ হোসেন (২৪) ও সাহেবনগর গ্রামের মৃত্যু ফকির আলীর ছেলে উজির আলীর।

আজ বুধবার (২৬ জুন) দুপুরে গাংনী থানায় প্রেসব্রিফিং করে জানান ওসি মো: তাজুল ইসলাম।

তিনি জানান, গতকাল মঙ্গলবার দিবাগত মধ্যরাতে ভারতীয় সীমান্তবর্তি ধলা গ্রাম থেকে মাদকের একটি চালান পার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে ধলা ক্যাম্পের ইনচার্জ (এসআই) আশরাফুল ইসলাম সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে সাড়ে ছয় কেজি গাঁজাসহ রাধাগোবিন্দপুর ধলা গ্রামের সবুজকে আটক করেন। এসময় গাঁজা কারাবারের সাথে জড়িত অপর আসামি রামকৃষ্ণপুর ধলা গ্রামের মৃত্যু আবু তালেবের ছেলে সাফায়াত আলী পালিয়ে গেছে।

অপরদিকে ভবানীপুর ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) মেহেদী হাসান সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে সাহেবনগর গ্রামে অভিযান চালিয়ে সোয়া ৫ শ গ্রাম গাঁজাসহ উজির আলীকে আটক করা হয়। এসময় অপর আসামি একই গ্রামের মকসেদ আলীর ছেলে মন্টু ধলা পালিয়ে যায়।

পৃথক দুটি গাঁজা উদ্ধারের ঘটনায় গাংনী থানা পুলিশের পক্ষ থেকে দুটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। আটক দুই মাদক কারবারীকে আজ বুধবার (২৬ জুন) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে আনসার ও ভিডিপি’র উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত

মেহেরপুরে সর্বজনীন পেনশন স্কিম সম্পর্কিত এক উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার সকালের দিকে জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী প্রশিক্ষণার্থী ব্যারাকের ক্লাসরুমে এ উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা প্রশিক্ষক মানিক মিয়ার সঞ্চালনায় জেলা কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্র দত্ত উক্ত সভায় সভাপতিত্ব করেন।

জেলা কমান্ড্যান্ট তার বক্তব্যে বলেন, প্রধানমন্ত্রী বয়স্ক জনগোষ্ঠীকে একটি টেকসই ও সুসংগঠিত সামাজিক নিরাপত্তা কাঠামোর আওতায় আনয়নে প্রথম উদ্যোগ গ্রহণ করেন। এ লক্ষ্যে তিনি ২০০৮ সনের জাতীয় সংসদ নির্বাচনের প্রাক্কালে একটি সর্বজনীন পেনশন পদ্ধতি প্রবর্তন করার বিষয়ে সুস্পষ্ট অঙ্গীকার ব্যক্ত করাসহ ২০২২-২৩ অর্থবছরের বাজেট অধিবেশনে সর্বজনীন পেনশন পদ্ধতি প্রবর্তনের ঘোষণা প্রদান করেন। এর ধারাবাহিকতায় সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২৩ প্রণীত হয় যার অধীনে প্রধানমন্ত্রী গত ১৭ আগস্ট ২০২৩ তারিখ সর্বজনীন পেনশন কার্যক্রমের শুভ উদ্বোধন ঘোষণা করেন।

এতে জেলা কার্যালয়সহ বিভিন্ন উপজেলার কর্মকর্তা-কর্মচারী, ইউনিয়ন/ওয়ার্ড দলনেতা-দলনেত্রী, উপজেলা/ইউনিয়ন আনসার কোম্পানি কমান্ডার ও অন্যান্য ভাতাভোগী সদস্যগণ অংশগ্রহণ করেন।

উল্লেখ্য যে, এ পর্যন্ত মেহেরপুর জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ভাতাভোগী সদস্যদের মধ্যে ৭৫ জন এ স্কিমের আওতায় এসেছেন।

আলমডাঙ্গায় পুকুর সংস্কারের নামে মাটি বিক্রি, ব্যবসায়ীকে জরিমানা

আলমডাঙ্গার বন্ডবিলে একটি পুকুর সংস্কারের নামে মাটি কেটে ইট ভাটায় বিক্রি করায় এক ব্যবসায়ীকে ৫০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

আজ মঙ্গলবার (২৫ জুন) দুপুরে পৌর এলাকার ৯ নম্বর ওয়ার্ডের বন্ডবিল এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়।

জরিমানাপ্রাপ্ত ব্যবসায়ী নওদা বন্ডবিল গ্রামের মুন্সি মজিবর রহমানের ছেলে মুন্সি মশিউর রহমান (৩৭)।
অভিযানের নেতৃত্ব দেন ভ্রাম্যমাণ আদালতের বিচারক এবং আলমডাঙ্গা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) স্নিগ্ধা দাস ।
আদালত সূত্রে জানাগেছে, আলমডাঙ্গা পৌর এলাকার বন্ডবিল গ্রামের মুন্সি মশিউর রহমান গত কয়েক বছর পূর্বে তিনি একটি পুকুরের কিছু অংশ খনন করেন। ওই পুকুর আবারও পূর্ণখননের নামে গতকাল মঙ্গলবার মাটি কেটে বন্ডবিল গ্রামে অবস্থিত বাবু মুন্সির ইটভাটায় মাটি বিক্রি করেন। এতে রাস্তায় কাঁদামাটিতে চলাচলে ব্যাঘাত পায় স্থানীয়রা।

এ বিষয় উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাসকে অবগত করলে তিনি আলমডাঙ্গা থানাপুলিশের সহযোগীতায় ওই এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। অবৈধভাবে ভেকু দিয়ে খনন করে মাটি উত্তোলন করে ইট ভাটায় বিক্রয় করার অপরাধে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন ২০১০ এর ১৫ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করেন।

দর্শনায় সাজাপ্রাপ্ত পলাতক আসামী গ্রেফতার

দর্শনা থানা পুলিশের বিশেষ অভিযানে সাজাপ্রাপ্ত পলাতক আসামী আলতাফ হোসেনকে গ্রেফতার করা হয়েছে।

সোমবার দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে থানার এএসআই আবু বক্কর সিদ্দিক, এএসআই শেখ আবু হানিফ গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের ফুরশেদপুর গ্রামে অভিযান পরিচালনা করেন।

এ অভিযানে এক বছরের বিনাশ্রম কারাদন্ড ও ২০ লক্ষ দশ হাজার টাকা জরিমানার সাজাপ্রাপ্ত পালাতক আসামী
আলতাফ হোসেন ওরফে খোকাকে (৫০) গ্রেফতার করা হয়। সে চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের ফুরশেদপুর গ্রামের বাসিন্দা ও সুলতান আহম্মেদের ছেলে।

এদিকে পুলিশের কাজে বাঁধা সৃস্টি করার অপরাধে একই ইউনিয়নের হরিশপুর গ্রামের শরিফুল ইসলাম (৩৫) নামের একজনকেও গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত শরিফুল ইসলাম হরিশপুর গ্রামের আজিজুল হকের ছেলে। গ্রেফতারকৃত আসামীদেরকে বিচারার্থে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

এমপি আনার হত্যা মামলার আসামী গ্যাস বাবু ঝিনাইদহ কারাগারে

ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার হত্যা মামলার পরিকল্পনাকারীদের মথ্যে অন্যতম আসামী কাজী কামাল আহমেদ বাবু ওরফে

গ্যাস বাবুকে ঝিনাইদহ জেলা কারাগারে আনা হয়েছে।

মঙ্গলবার(২৫জুন) বিকাল ৪ টার দিকে তাকে কাশিমপুর কেন্দ্রীয় কারাগার থেকে ঝিনাইদহ কারাগারে পাঠানো হয়।

গাজীপুর মেট্রোপলিটন পুলিশের একটি প্রিজন ভ্যানে তাকে কঠোর নিরাপত্তার মাধ্যমে নিয়ে আসা হয়। এর আগে ঝিনাইদহ জেলা শহরের বিভিন্ন স্থানে পুলিশী কঠোর নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়।

বাবুকে নিয়ে আগামীকাল তার ফেলে দেওয়া মোবাইলসহ আলামত উদ্ধার অভিযান শুরু হতে পারে বলে পুলিশের একটি সুত্র জানিয়েছে।

ঝিনাইদহ জেলা কারাগারের জেলার মহিউদ্দিন হায়দার এ তথ্য নিশ্চিত করেন জানান, সংসদ সদস্য আনার হত্যা মামলার অন্যতম আসামি কাজী কামাল ওরফে গ্যাস বাবুকে ঝিনাইদহ কারাগারে স্থানান্তর করা হয়েছে ।

আলমডাঙ্গায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য তৈরি, বেকারি মালিককে জরিমানা

আলমডাঙ্গায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য তৈরি ও বিপণন করায় একটি বেকারির মালিককে ১২ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

গতকাল সোমবার পৌর শহরে চুয়াডাঙ্গা জেলা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের সহকারী পরিচালক সজল আহমেদের নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের সহকারী পরিচালক সজল আহমেদ বলেন, পৌর শহরের আনন্দধামে অবস্থিত মুসলিম নামে ঐ বেকারিতে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য তৈরি ও নোংরা পরিবেশে বেকারি পণ্য তৈরি, কেক, পাউরুটিসহ বিভিন্ন পণ্যে মেয়াদ মুল্য ইত্যাদি না দেয়া, কর্মচারীদের স্বাস্থ্যবিধি না মানা, খাবারে

নিষিদ্ধ উপাদান ব্যবহার সহ বিভিন্ন অনিয়মের কারণে মালিককে ১২ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

অভিযান চলাকালীন উপস্থিত ছিলেন পৌর স্যানিটারি ইন্সপেক্টর মাহফুজুর রহমান ও আলমডাঙ্গা থানাপুলিশের একটি টিম।

আলমডাঙ্গায় কৃষি জমির মাটি বিক্রি, অর্ধ লাখ টাকা জরিমানা

আলমডাঙ্গা উপজেলায় কৃষিজমির মাটি বিক্রির অপরাধে এক মাটি ব্যবসায়ীকে অর্ধ লাখ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

গতকাল সোমবার উপজেলার জামজামি ইউনিয়নের ঘোষবিলা এলাকায় এ অভিযান চালানো হয়। আলমডাঙ্গা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) স্নিগ্ধা দাস এ অভিযান পরিচালনা করেন।

এসময় কৃষি জমির মাটি কেটে বিক্রির দায়ে দক্ষিণ রামনারায়ণপুরে আবুল কালাম (৪৭) ও মোহাম্মদপুরে হারুনুর রশিদকে (৪২) একলাখ টাকা করে জরিমানা করা হয়েছে।

এসময় কৃষি জমির মাটি কেটে বিক্রির দায়ে জামজামি ঘোষবিলা গ্রামের মৃত সোহরাব হোসেনের ছেলে ওয়াজেদ আলী (৫৬) অর্ধ লাখ টাকা জরিমানা করা হয়েছে।

আদালত সূত্রে জানাগেছে, ওয়াজেদ আলী দীর্ঘদিন থেকে প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনীর চোখকে ফাঁকি দিয়ে অপরাধীরা কৃষি জমির মাটি কেটে বিক্রি করে আসছিলেন। অভিযোগ পেয়ে এক ব্যবসায়ীকে অর্ধ লাখ টাকা জরিমানা করে সতর্ক করা হয়েছে।ভবিষ্যতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

অভিযানে জামজামি ক্যাম্পের আইসি শরিয়তুল্লাহ সঙ্গীয় ফোর্স উপস্থিত ছিল।

দর্শনায় পৃথক অভিযানে ফেনসিডিল ও সাজাপ্রাপ্ত আসামীসহ গ্রেফতার ২

দর্শনা থানা পুলিশ পৃথক অভিযান চালিয়ে নাস্তিপুর গ্রাম থেকে ২৩ বোতল ফেনসিডিল পাখিভ্যানসহ হাসান আলীকে (২৬)গ্রেফতার করেছে।গ্রেফতারকৃত হাসান আলী পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের নাস্তিপুর বেলেমাঠ পাড়ার সালামিন মিয়ার ছেলে।

জানাযায় গত শনিবার রাত ১১ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় দর্শনা পৌরসভার রামনগর ফুটবল মাঠের পশ্চিম পাশে।এ সময় দর্শনা থানার এস আই সোহেল রানা গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ একটি পাখি ভ্যান চালকে চ্যালেন্জ করে।পরে তার পাখিভ্যান তল্লাশি করে ২৩ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

এ ঘটনায় তার বিরুদ্ধে দর্শনা থানায় একটি মাদক আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে। অপরদিকে শনিবার রাত সাড়ে ১১টার দিকে দর্শনা থানা পুলিশ অভিযান চালিয়ে দুইটি সি আর মামলার দীর্ঘদিনের পলাতক আসামী ছয়ঘরিয়া গ্রামের নাসির উদ্দিনকে (৪২)গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত নাসির উদ্দীন পার কৃষ্ণপুর মদনায় ইউনিয়নের ছয়ঘরিয়া, গ্রামের দাউদ মন্ডলের ছেলে।গতকালই দুজনকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।